

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

জানাযার (লাশের) আগে ও পিছনে গমন করা

নাবী (ﷺ) এর পবিত্র সুন্নাত ছিল যে, কারও জানাযা সলাত পড়ার পর তিনি লাশের আগে আগে পায়ে হেঁটে কবর পর্যন্ত যেতেন। আর যারা আরোহন করে যাবে তাদের জন্য লাশের পিছনে যাওয়াকে সুন্নাত হিসাবে সাব্যন্ত করেছেন। আর যারা পায়ে হেঁটে যাবে তাদের উচিৎ হবে লাশের খুব কাছাকাছি থাকা। চাই সামনে হোক বা পিছনে, ডানে হোক বা বামে। তিনি জানাযা নিয়ে দ্রুত চলতে আদেশ করতেন। সাহাবীগণ লাশ নিয়ে দৌড়িয়ে চলতেন। আর তিনিও পায়ে হেঁটে চলতেন এবং বলতেন- ফিরিস্তারা যেহেতু হেঁটে চলছে, তাই আমি আরোহন করতে পারি না।[1] ফেরত আসার সময় তিনি কখনও কখনও আরোহন করেছেন। লাশ কবরে না রাখা পর্যন্ত তিনি বসতেন না। তিনি বলতেন- যখন তোমরা জানাযার সাথে চলবে তখন লাশ কবরে না রাখা পর্যন্ত বসবেনা।[2]

ফুটনোট

- [1]. আবু দাউদ। ইমাম আলবানী সহীহ বলেছেন। দেখুনঃ সহীহ আবু দাউদ হা/ ২৭২০।
- [2]. বুখারী, অধ্যায়ঃ জানায়েয।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3787

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন